



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৯ - ৩০ জুন, ২০২০

## সূচিপত্র

উপক্রমণিকা -----	৩
অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র -----	৪
সেকশন ১: অধিদপ্তরের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি -----	৫
সেকশন ২: অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব -----	৬
সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ-----	৭
সংযোজনী: ১ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি -----	১২
সংযোজনী: ২ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা-----	১৩

## উপক্রমণিকা

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এর সাথে

২০১৯ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ;

**যুব উন্নয়ন অধিদপ্তর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
(Overview of the Performance of the Department of Youth Development)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**\* সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ :**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে যুবদের উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণদান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্ত গত ০৩(তিন) বছরে সারাদেশে ৯,০০,৯৩৪ জনকে প্রশিক্ষণ ১,২৪,৬৩৯ জনকে ঋণ বিতরণ এবং ১,৭৪,২৮২ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে।

**\* সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :** যুব জনসংখ্যা ক্রমবর্ধমান; এ ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ।

**\* ভবিষ্যত পরিকল্পনা :** শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লার্নিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

**২০১৯-২০২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে ৬৫,০০০ জনের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি।
- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৩,৪১,০০০ জন যুবক ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৩৮,১০০ জনকে ১১৮ কোটি টাকা ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক ৫২,০০০ জন আত্মকর্মী সৃষ্টি।
- সমাজ বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে ১১৮৫টি অনুষ্ঠান আয়োজন ও জনসচেতনতা সৃষ্টি।